**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-**১৭৮**-আইন/২০**১৯/৩৫**-মূসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার জাতীয় এপিআই (Active Pharmaceutical Ingredients) ও ল্যাবরেটরি বিকারক (Reagents) উৎপাদন ও রপ্তানি নীতি এর আলোকে Active Pharmaceutical Ingredients (API), অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত**,** উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান, অতঃপর উক্ত প্রতিষ্ঠান বলিয়া উল্লিখিত, এর প্রয়োজনীয় কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলি:**

(ক) উক্ত প্রতিষ্ঠানকে বাংলাদেশে নিবন্ধিত হইতে হইবে এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রতি পঞ্জিকা বৎসরে অন্যূন পাঁচটি নূতন মলিকিউল উৎপাদন করিতে হইবে;

(খ) উক্ত প্রতিষ্ঠানকে প্রতি বৎসর উৎস নিরীক্ষণ, Quality Audit এবং Current Good Manufacturing Practice এর নির্ধারিত মানদন্ড নিশ্চিত করিতে হইবে;

(গ) উক্ত প্রতিষ্ঠানের বার্ষিক টার্নওভারের অন্যূন এক শতাংশ বাধ্যতামূলকভাবে গবেষণা ও উন্নয়নে (Research & Development) ব্যয় করিতে হইবে এবং একাডেমিক ও গবেষণা প্রতিষ্ঠানের সহিত সম্পৃক্ততা প্রতি বৎসর উত্তরোত্তর বৃদ্ধি করিতে হইবে;

(ঘ) উক্ত পণ্য উৎপাদনের জন্য প্রয়োজনীয় আমদানিতব্য কাঁচামালের নাম, বিবরণ, পরিমাণ ও H.S. Code ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং এইরূপ তথ্যের তালিকা বা প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে শুল্কায়নের সময় দাখিল করিতে হইবে; এবং

(ঙ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে অন্যূন ৬০ (ষাট) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত প্রতিষ্ঠান কর্তৃক উল্লিখিত শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে

অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

| | | |
|---|---|---|
| (ক) | দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহ্বায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| (গ) | যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | ঔষধ প্রশাসন অধিদপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| (ঙ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য সচিব। |

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি উক্ত প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির ত্রিশ কার্যদিবসের মধ্যে, বোর্ড উহা বিবেচনাপূর্বক, এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে, আবেদনটি নিষ্পত্তি করিবে এবং অনুমোদনের তারিখ হইতে এই প্রজ্ঞাপনের সুবিধা প্রদান করা হইবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্র প্রদানের যাবতীয় আনুষ্ঠানিকতা যথাযথভাবে প্রতিপালন করিতে হইবে।

৭। উক্ত প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৬ এর বিধান প্রতিপালন করিতে ব্যর্থ হইলে এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুবিধা প্রাপ্য হইবে না।

৮। উক্ত প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

৯। অনুচ্ছেদ ৮ এর অধীন মূল্য সংযোজন কর কমিশনার কর্তৃক যাচাইকালে যদি তাহার নিকট প্রতীয়মান হয় যে, উক্ত প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের কোনো শর্ত লঙ্ঘন করিতেছে তাহা হইলে উহার বিরুদ্ধে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও Customs Act, 1969 এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং এই প্রজ্ঞাপনের অধীন মূল্য সংযোজন কর অব্যাহতির সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল হইবে।

১০। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

## পরিশিষ্ট-ক

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

| ক্রমিক সংখ্যা | পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code) | উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ) | সরবরাহ /বিক্রয়ের একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল] | | কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয়সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণা পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।
২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখতিয়ারে রহিয়াছে।
৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উল্লিখিত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

**নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)**
**সিনিয়র সচিব**